গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
ভূতত্ত্ব ভবন (৮ম তলা)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
www.bomd.gov.bd

সিটিজেন চার্টার

1. ভিশন ও মিশন

ভিশন:

নিয়ন্ত্রিত ও উন্নত খনি ও খনিজ সম্পদ।

মিশন:

খনি ও খনিজ (তেল ও গ্যাস ব্যতীত) সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন ও আহরণ সুনিয়ন্ত্রণের মাধ্যমে দারিদ্র ও ক্ষুধামুক্ত দেশ গঠন, শিল্পায়ন, টেকসই অবকাঠামো নির্মাণ এবং জ্বালানি নিরাপত্তা অর্জনে সহায়ক ভূমিকা পালন।

2. সেবা প্রদান প্রতিশ্রুতি

২.১ নাগরিক সেবা:

ক্র নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বও ও ই-মেইল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	অনুসন্ধান লাইসেন্স প্রদান	ব্যক্তি/ প্রতিষ্ঠানের আবেদন প্রাপ্তির পর আবেদন অনুমোদনের জন্য সরকারের নিকট অগ্রবর্তীকরণের পূর্বে পরিচালক নিজে বা তদকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন বিশেষজ্ঞের/কর্মকর্তার মাধ্যমে অনুসন্ধান লাইসেন্স এর জন্য আবেদনকৃত এলাকা সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য সরেজমিন তদমত্ম করা হয়। অনুমোদন যোগ্য হলে সরকারের অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। সরকারের অনুমোদন সাপেক্ষে বিধি অনুযায়ী আবেদনকারীর সাথে অনুসন্ধান লাইসেন্স চুক্তি সম্পাদন করত: মঞ্জুরী প্রদান করা হয়।	(ক) আবেদন ফি প্রদানের ট্রেজারি চালানের মূল কপি; (খ) ২০০ (দুইশত) হেক্টরের বেশী নয় এরূপ এলাকার জন্য ৫ (পাঁচ) কপি মৌজা ম্যাপ/ স্কেচ পস্নান এবং যদি এলাকা ২০০ (দুইশত) হেক্টরের অধিক হয় তা হলে শুধুমাত্র জরিপ অধিদপ্তরের টপোগ্রাফিক শিট /এলজিইডি মানচিত্র (স্কেল-১:৫০,০০০) হতে প্রস্ত্ততকৃত আবেদিত এলাকা, অক্ষাংশ, দ্রাঘিমাংশ প্রদর্শনপূর্বক স্কেচ পস্নান; (গ) মালিকের নামসহ আবেদনকৃত জমির তফসিল; (ঘ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/ পরিচালক/ অংশীদারগণের গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজের ছবি; (ঙ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/ পরিচালক/ অংশীদারদের জাতীয়তা ও নাগরিকত্বের সনদ এবং বিদেশী কোম্পনীর ক্ষেত্রে তাদের কার্যকর পাসপোর্টের প্রামানিক কপি; (চ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে ব্যাংক সচ্ছলতার সনদ, ট্রেড লাইসেন্স এবং টি,আই,এন সনদ; (ছ) বিদেশী কোম্পানীর ক্ষেত্রে ২ (দুই) কপি সংঘ স্মারক ও সংঘ বিধি এবং প্রসপেক্টাস বা অংশীদারী দলিল বা সমমানের যে কোন আইনানুগ প্রমানপত্র; (ঞ) বিদেশী কোম্পানীর ক্ষেত্রে বাংলাদেশে কোম্পানীর নিবন্ধনের সনদ।	বিনামূল্যে	৬০ কার্য দিবস	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ E-mail: emrdbmd@gmail.com

চনমান পাতা-৩

ক্র নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বও ও ই-মেইল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২	খনি ইজারা প্রদান	ব্যক্তি/ প্রতিষ্ঠানের আবেদন প্রাপ্তির পর আবেদন অনুমোদনের জন্য সরকারের নিকট অগ্রবর্তীকরণের পূর্বে পরিচালক নিজে বা তদকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন বিশেষজ্ঞের/কর্মকর্তার মাধ্যমে অনুসন্ধান লাইসেন্স এর জন্য আবেদনকৃত এলাকা সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য সরেজমিন তদমন্ত করা হয়। অনুমোদন যোগ্য হলে সরকারের অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। সরকারের অনুমোদন সাপেক্ষে বিধি অনুযায়ী আবেদনকারীর সাথে অনুসন্ধান লাইসেন্স চুক্তি সম্পাদন করত: মঞ্জুরী প্রদান করা হয়।	(ক) আবেদন ফি প্রদানের ট্রেজারি চালানের মূল কপি; (খ) ২০০ (দুইশত) হেক্টরের বেশী নয় এমন এলাকার জন্য ৫ (পাঁচ) কপি মৌজা ম্যাপ/স্কেচ পস্নান এবং যদি এলাকা ২০০ (দুইশত) হেক্টরের অধিক হয় তা হলে শুধুমাত্র জরিপ অধিদপ্তরের টপোগ্রাফিক শিট/এলজিইডি মানচিত্র (স্কেল-১:৫০,০০০) হতে প্রস্তুতকৃত আবেদিত এলাকা, অক্ষাংশ, দ্রাঘিমাংশ প্রদর্শনপূর্বক স্কেচ পস্নান; (গ) মালিকের নামসহ আবেদনকৃত জমির তফসিল; (ঘ) অংশীদারী ফার্মের ক্ষেত্রে অংশীদারী দলিলের একটি প্রামানিক কপি; (ঙ) সীমিতদায় কোম্পানীর ক্ষেত্রে কোম্পানীর নিগমিতকরণ/ নিবন্ধনের সনদের সত্যায়িত কপিসহ সংঘ স্মারক এবং সংঘ বিধি এবং প্রসপেক্টাস বা সমমানের আইনগত দলিলের দুইটি করে কপি; (চ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/ পরিচালক/ অংশীদারগণের গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজের ছবি; (ছ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/ পরিচালক/ অংশীদারগণের জাতীয়তা ও নাগরিকত্বের সনদ এবং বিদেশী কোম্পানীর ক্ষেত্রে আবেদনকারী/পরিচালক/অংশীদারগণের হালনাগাদ/কার্যকর পাসপোর্টের প্রামানিক কপি; (জ) স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে ব্যাংক স্বচ্ছলতার সনদ, ট্রেড লাইসেন্স এবং টি,আই,এন সনদ; (ঞ) বিদেশী নাগরিক বা বিদেশী কোম্পানীর ক্ষেত্রে বাংলাদেশে নিবন্ধনের দালিলিক প্রমান। **ক্রমশঃ**	বিনামূল্যে	৬০ কার্য দিবস	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ E-mail: emrdbmd@gmail.com

			খনি ইজারার ক্ষেত্রে উপরোক্ত দলিলপত্র ছাড়াও অতিরিক্ত হিসেবে নিম্নবর্ণিত তথ্যাদি সরবরাহ করতে হয়, যথাঃ- (ক) খনিজ সম্পদ আহরণ এবং পরিচালনার জন্য কারিগরী যোগ্যতাসম্পন্ন ব্যক্তি কর্তৃক প্রস্তুতকৃত একটি পূর্ণাঙ্গ খনি খনন পরিকল্পনা; (খ) খনি খনন পরিকল্পনায় নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে, যথাঃ- (1) ইজারাগ্রহীতা কর্তৃক খনি বাস্তবায়নকালে নির্বাহিতব্য ব্যয়ের বিবরণ; (2) এলাকার বিস্তারিত ভূতাত্ত্বিক বিবরণসহ খনিজের মজুদ প্রদর্শনপূর্বক ১ (এক) সেন্টিমিটার: ১ (এক) কিলোমিটার স্কেলের মানচিত্র; (3) অবস্থান, প্রধান মজুদসমূহের বিবরণ এবং ভূপৃষ্ঠস্থ ভূতাত্ত্বিক কাঠামো বা বেসিনের আকার প্রদর্শনপূর্বক মানচিত্র; (4) সমীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে প্রমানিত বা সম্ভাব্য মজুদের পরিমাণ; (৫) ন্যূনতম উৎপাদন হার; (৬) ব্যবহার্য যন্ত্রপাতি ও সরঞ্জামসহ খনন পদ্ধতি; (৭) খনি খননের বিভিন্ন সতরে কারিগরী যোগ্যতা সম্পন্ন জনবলের বিবরণ; (৮) রাস্তাঘাট ও অন্যান্য ভূপৃষ্ঠস্থ ও ভূগর্ভস্থ স্থাপনা যেমন গুদাম এবং ল্যাম্প রুমম, ওয়ার্কশপ, খনিজ উপযোগীকরণ প্লান্ট, অফিস, আবাসন ও বিনোদন স্থান ইত্যাদির অবস্থান প্রদর্শনপূর্বক মানচিত্র; এবং (৯) খনি খনন পরিকল্পনার বিভিন্ন পর্যায়ের সম্ভাব্য ব্যয়। (গ) খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২- এর অধীন প্রদেয় রয়্যালটি, বাৎসরিক ফি ও অন্যান্য বকেয়া প্রদান নিশ্চিত করবার জন্য দফা (খ) এর অধীন দাখিলকৃত খনি খনন পরিকল্পনায় উল্লিখিত সম্ভাব্য ব্যয়ের ৩% ব্যাংক গ্যারান্টি;এবং (ঘ) পরিবেশ ছাড়পত্র (ইসিসি)।			

ক্র নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বও ও ই-মেইল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৩(ক)	কোয়ারী ইজারা প্রদান (গেজেটভুক্ত সরকারি খাস খতিয়ানভুক্ত ভূমি)	**সরকারি খাস খতিয়ানভুক্ত সিলিকাবালু, সাধারণ পাথর/ বালু মিশ্রিত পাথর কোয়ারী ইজারা পদ্ধতি:** সরকারি খাস খতিয়ানভুক্ত সিলিকাবালু, সাধারণ পাথর/ বালু মিশ্রিত পাথর কোয়ারীসমূহ ১লা বৈশাখ হতে পরবর্তী ২ (দুই) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে বিধি অনুযায়ী জেলা কমিটি কর্তৃক উন্মুক্ত দরপত্র আহববান করা হয়। দরপত্র জারীর পর প্রাপ্ত দরপত্রসমূহ ইজারা সংক্রামত্ম জেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই শেষে সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদানের সুপারিশ ব্যুরোতে প্রেরণ করে। ব্যুরো কর্তৃক উক্ত সুপারিশ সরকারের অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ তথা সরকার বরাবর প্রেরণ করা হয়। সরকার কর্তৃক অনুমোদিত হলে সর্বোচ্চ দরদাতাকে সম্পূর্ণ ইজারামূল্য, ইজারামূল্য, ভ্যাট ও আয়কর এবং বিধি মোতাবেক নিরাপত্তা জামানতের অর্থ ১৫ (পনের) দিনের মধ্যে ব্যুরোর নির্দিষ্ট কোডে জমা দেয়ার জন্য প্রত্র প্রেরণ করা হয়। সর্বোচ্চ দরদাতার নিকট হতে সম্পূর্ণ ইজারামূল্য ও অন্যান্য নির্ধারিত পাওনাদি অগ্রীম প্রাপ্তি সাপেক্ষ্যে ইজারাগ্রহীতার সাথে বিধি অনুযায়ী কোয়ারী ইজারাচুক্তি সম্পাদন করতঃ ইজারা মঞ্জুরীপত্র ও কার্যাদেশ প্রদান করা হয়।	(ক) দরপত্র বিজ্ঞপ্তির শর্তানুযায়ী প্রয়োজনীয় সকল কাগজ পত্র; (খ) দরপত্র বিজ্ঞপ্তির কপি, কোয়ারী ইজারা সংক্রামত্ম জেলা কমিটির সভার কার্যবিবরণীসহ জেলা কমিটির সুপারিশ।	বিনামূল্যে	সরকারের অনুমোদন প্রাপ্তির পর ১৫ কার্য দিবস	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ E-mail: emrdbmd@gmail.com

ক্র নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বও ও ই-মেইল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৩(খ)	কোয়ারী ইজারা প্রদান (ব্যক্তিমালিকানাধীন ভূমি)	**ব্যক্তিমালিকানাধীন জমিতে সিলিকাবালু, সাধারণ পাথর/ বালু মিশ্রিত পাথর কোয়ারী ইজারা পদ্ধতি:** ব্যক্তি/ প্রতিষ্ঠানের আবেদন প্রাপ্তির পর পরিচালক এবং সংশিস্নষ্ট কর্মকর্তা আবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্র বিধি মোতাবেক যথার্থ কিনা তা যাচাই-বাছাই করে যথার্থ হলে বিধি মোতাবেক মূল্য নির্ধারণের লক্ষ্যে জিএসবি এবং স্থানীয় প্রশাসনের প্রতিনিধি মনোনয়নের জন্য পত্র প্রেরণ করা হয়। প্রতিনিধি মনোনয়ন পাওয়ার পর বিএমডি, জিএসবি এবং স্থানীয় প্রশাসনের প্রতিনিধি সমন্বয়ে আবেদনকৃত এলাকা সরেজমিন পরিদর্শন করে জমির মালিকানা, ধরন ইত্যাদি যাচাই-বাছাই এবং স্থানীয় বাজার দর মোতাবেক কোয়ারী ইজারামূল্য নির্ধারণ করা হয়। অতঃপর সকল কাগজপত্রসহ ধার্যকৃত মূল্যে ইজারা প্রদানের লক্ষ্যে অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ তথা সরকার বরাবর প্রেরণ করা হয়। সরকারের অনুমোদন প্রাপ্তির পর আবেদনকারীর নিকট হতে সম্পূর্ণ ইজারামূল্য, নিরাপত্তা জামানত ও অন্যান্য নির্ধারিত সরকারি পাওনাদি অগ্রীম প্রাপ্তি সাপেক্ষে আবেদনকারীর সাথে বিধি অনুযায়ী কোয়ারী ইজারাচুক্তি সম্পাদন করতঃ আবেদনকারীর অনুককূলে ইজারা মঞ্জুরীপত্র ও কার্যাদেশ প্রদান করা হয়।	(ক) আবেদন ফি প্রদানের ট্রেজারি চালানের মূল কপি; (খ) ২০০ (দুইশত) হেক্টরের বেশী নয় এমন এলাকার জন্য ৫ (পাঁচ) কপি মৌজা ম্যাপ/স্কেচ পস্নান এবং যদি এলাকা ২০০ (দুইশত) হেক্টরের অধিক হয় তা হলে শুধুমাত্র জরিপ অধিদপ্তরের টপোগ্রাফিক শিট/এলজিইডি মানচিত্র (স্কেল-১:৫০,০০০) হতে প্রস্তুতকৃত আবেদিত এলাকা, অক্ষাংশ, দ্রাঘিমাংশ প্রদর্শনপূর্বক স্কেচ পস্নান; (গ) মালিকের নামসহ আবেদনকৃত জমির তফসিল; (ঘ)অংশীদারী ফার্মের ক্ষেত্রে অংশীদারী দলিলের একটি প্রামানিক কপি: (ঙ)সীমিতদায় কোম্পানীর ক্ষেত্রে কোম্পানীর নিগমিতকরণ/ নিবন্ধনের সনদের একটি সত্যায়িত কপিসহ সংঘ স্মারক এবং সংঘবিধি এবং প্রসপেক্টাস বা সমমানের আইনগত দলিলের দুইটি করে কপি। (চ)স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/ পরিচালক/ অংশীদারগণের গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি; (ছ)স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী/ পরিচালক/ অংশীদারগণের জাতীয়তা ও নাগরিকত্বের সনদ এবং বিদেশী কোম্পানীর ক্ষেত্রে আবেদনকারী/পরিচালক/অংশীদারগণের হালনাগাদ/ কার্যকর পাসপোর্টের প্রামানিক কপি; (জ)স্থানীয় আবেদনকারীর ক্ষেত্রে ব্যাংক স্বচ্ছলতার সনদ, ট্রেড লাইসেন্স এবং টি,আই,এন সনদ; (ঞ)বিদেশী নাগরিক বা বিদেশী কোম্পানীর ক্ষেত্রে বাংলাদেশে নিবন্ধনের দালিলিক প্রমাণ; (ট) ব্যুরোর তালিকাভুক্ত একজন পরামর্শক ভূতত্ত্ববিদ কর্তৃক প্রদত্ত ৩ (তিন) কপি ভূতাত্ত্বিক প্রতিবেদন।	বিনামূল্যে	৬০ কার্য দিবস	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ E-mail: emrdbmd@gmail.com

চনমান পাতা-৭

ক্র নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বও ও ই-মেইল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৩(গ)	সাদামাটি কোয়ারী ইজারা প্রদান	গেজেটে প্রকাশিত খাস খতিয়ানভুক্ত জমিতে সাদামাটি কোয়ারী ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট থেকে দরখাসত্ম আহবান করে বহুল প্রচারিত একটি জাতীয় দৈনিক ও একটি স্থানীয় দৈনিক পত্রিকায় গণবিজ্ঞপ্তি জারী করা হয়। বিজ্ঞপ্তি প্রকাশের পরই এর কপি সংশিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়। মনিটরিং কমিটি কর্তৃক গণবিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাছাই-বাছাই করে প্রাথমিকভাবে গ্রহণযোগ্য আবেদনপত্রসমূহের তালিকা প্রস্তুত করা হয়। অতঃপর আবেদনকৃত কোয়ারী সরেজমিনে পরিদর্শনপূর্বক সংশিষ্ট বিষয়সমূহ যাছাই-বাছাই করে এলাকা চিহ্নিত করতঃ এলাকার চতুর্সীমা নির্ধারণক্রমে মনিটরিং কমিটি ইজারার বিষয়ে সুস্পষ্ট মতামত/ সুপারিশ সম্বলিত প্রতিবেদন বিএমডি বরাবরে দাখিল করে। মনিটরিং কমিটির সুপারিশের আলোকে সরকারের অনুমোদনক্রমে আবেদনকৃত প্রতিষ্ঠানের অনুকূলে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী ইজারা প্রদান করা হয়। ব্যক্তি মালিকানাধীন জমিতে সাদামাটি পাওয়া গেলে জমির মালিক সাদামাটি ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানের সাথে চুক্তিতে আবদ্ধ হলে জমির মালিক বা মালিকের নিকট থেকে ক্ষমতা প্রাপ্ত ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে অগ্রাধিকার ভিত্তিতে তাঁর অনুকূলে কোয়ারী ইজারা মঞ্জুর করা করা হয়।	(ক) যথাযথভাবে পূরণকৃত নির্ধারিত আবেদনপত্র। (খ) আবেদন ফরম ক্রয়ের ১০০০/- (এক হাজার) টাকার মূল রসিদ। (গ) ২০,০০০/-(বিশ হাজার) টাকার আবেদন ফি (অফেরতযোগ্য) বাবদ জমাকৃত চালানের মূলকপি। (ঘ) পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি। (ঙ) ব্যাংক সলভেন্সি সনদের সত্যায়িত কপি। (চ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি। (ছ) টিআইএন এর সত্যায়িত কপি। (জ) মৌজা ম্যাপ ৩ (তিন) কপি। (ঝ) টপোগ্রাফিক্যাল ম্যাপ ৩ (তিন) কপি। (ঞ) ভূ-তাত্ত্বিক প্রতিবেদন ৩ (তিন) কপি। (ট) ব্যক্তি মালিকানাধীন জমির ক্ষেত্রে সংশিষ্ট সহকারী কমিশনার (ভূমি)-এর প্রত্যয়নপত্র। (V) নামজারীর সত্যায়িত কপিসহ জমির মালিকানার প্রমাণপত্র (ব্যক্তি মালিকানাধীন জমির ক্ষেত্রে। * আবেদনকারীকে চূড়ামত্ম ইজারা মঞ্জুরীপত্র প্রাপ্তির পূর্বে পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র (ECC) গ্রহণ করে তা বিএমডিতে দাখিল করতে হয়। অন্যথায় আবেদনকারীর অনুকূলে কোনোক্রমেই চূড়ামত্ম ইজারা মঞ্জুরীপত্র প্রদান করা হয় না।	বিনামূল্যে	৬০ কার্য দিবস	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ E-mail: emrdbmd@gmail.com

চলমান পাতা-৮

২.২ প্রাতিষ্ঠানিক সেবা:

ক্র নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বও ও ই-মেইল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারী ইজারা অনুমোদনের জন্য সরকারের নিকট প্রসত্মাব প্রেরণ।	ব্যক্তি/ প্রতিষ্ঠানের আবেদন প্রাপ্তির পর খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী পররীক্ষা-নিরীক্ষা করে এবং প্রয়োজনীয় আনুষাজ্ঞিক কার্যাদি সম্পাদন করে অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়।	প্রয়োজনীয় সংযুক্তিসহ ব্যক্তি/ প্রতিষ্ঠানের আবেদন	বিনামূল্যে	৬০ কার্য দিবস	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ E-mail: emrdbmd@gmail.com
২	দেশের বিভিন্ন জেলায় প্রাপ্ত সিলিকাবালু, সাধারণ পাথর বা বালু মিশ্রিত পাথর কোয়ারী ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহবান এবং ইজারা অনুমোদন প্রসত্মাব সরকারের নিকট প্রেরণ।	সিলিকাবালু, সাধারণ পাথর বা বালু মিশ্রিত পাথর কোয়ারী ইজারা প্রদানের লক্ষ্যে গঠিত জেলা কমিটি কর্তৃক উন্মুক্ত দরপত্র আহববান করা হয়। প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাই করে জেলা কমিটি কর্তৃক সুপারিশসহ ব্যুরোতে প্রেরণ করার পর কোয়ারী ইজারা অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়।	(ক) দরপত্র বিজ্ঞপ্তির শর্তানুযায়ী প্রয়োজনীয় সকল কাগজ পত্র; (খ) দরপত্র বিজ্ঞপ্তির কপি, কোয়ারী ইজারা সংক্রামত্ম জেলা কমিটির সভার কার্যবিবরণীসহ জেলা কমিটির সুপারিশ।	বিনামূল্যে	জেলা কমিটির সুপারিশ পাওয়ার পর ১৫ কার্য দিবস	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ E-mail: emrdbmd@gmail.com
৩	কোয়ারী ইজারামূল্য নির্ধারণ	ব্যুরো, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) ও সংশিস্নষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধিগণ কর্তৃক যৌথভাবে নির্ধারণ করা হয়।	বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত পত্র।	বিনামূল্যে	প্রতিনিধি মনোনয়ন পাওয়ার পর ১৫ কার্য দিবস	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ Email:emrdbmd@gmail.com
৪	সিলিকাবালু, সাধারণ পাথর বা বালু মিশ্রিত পাথর কোয়ারী ইজারা প্রদানের লক্ষ্যে গঠিত জেলা কমিটি কে নির্দেশনা প্রদান	খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ, সভা আয়োজন ইত্যাদি বিষয়ে সময়ে সময়ে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সরকারের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী এবং জেলা কমিটির চাহিদা মোদাবেক	বিনামূল্যে	১৫ কার্য দিবস	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ E-mail: emrdbmd@gmail.com

চনমান পাতা-৯

ক্র নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বও ও ই-মেইল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৫	খনিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান প্রণয়ন ও সংশোধনে পরামর্শ প্রদান।	সময়ে সময়ে সরকারের জারীকৃত নির্দেশনা অনুযায়ী তথ্য/ উপাত্ত প্রেরণ করা হয়।	বিদ্যমান আইন, বিধি-বিধান এবং প্রয়োজনীয় কাগজপত্র।	বিনামূল্যে	প্রয়োজনীয় তথ্যাদি প্রপ্তির ১৫ দিন	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ Email:emrdbmd@gmail.com
৬	খনিজ সম্পদ সমৃদ্ধ এলাকা চিহ্নিত ও নির্ণয় এবং খনিজের রয়্যালটি ও অন্যান্য রাজস্ব নির্ধারণ ও আদায়।	সরেজমিন পরিদর্শন পূর্বক স্থানীয় বাজারদর অনুযায়ী ইজারামূল্য ও রয়্যালটি নির্ধারণ।	পরিদর্শন প্রতিবেদন ও প্রয়োজনীয় আনুষাঙ্গিক কাগজপত্রাদি।	বিনামূল্যে	প্রয়োজনীয় তথ্যাদি প্রপ্তির ১৫ দিন	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ Email:emrdbmd@gmail.com
৭	খনিজ পদার্থ সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা সংক্রান্ত।	খনিজ পদার্থ সংশিস্নষ্ট বিষয়ে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলাসমূহের আদেশ বাসত্মবায়ন, সময়মত দফাওয়ারী জবাব প্রেরণ ও প্রয়োজনীয় ক্ষেত্রে আপিল দায়ের করণের বিষয়ে সলিসিটর উইং কে তথ্যাদি প্রেরণ।	রম্নলের সার্টিফাইড কপি, আরজির কপি, প্রয়োজনীয় ক্ষেত্রে সরকারের নির্দেশনা।	বিনামূল্যে	প্রয়োজনীয় তথ্যাদি প্রপ্তির ১৫ দিন	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ Email:emrdbmd@gmail.com

2.3 অভ্যন্তরীণ সেবা:

ক্র নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বও ও ই-মেইল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	বেতন-ভাতাদি যথাসময়ে প্রদান	সিএও এর বেতন নির্ধারণী সাপেক্ষে সংশ্লিষ্ট আইন ও বিধিবিধান অনুযায়ী	বিল ভাউচার এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো	বিনামূল্যে	সিএও কর্তৃক বিল পাশ সাপেক্ষে অনতিবিলম্বে	জনাব মোঃ আব্দুল আলীম সহকারী পরিচালক ফোনঃ ৯৩৩২৬৬৩; মোবাইল নং-০১৭১১-২৮৫৮০৪
২	কর্মচারীদের সময়মত পদোন্নতি প্রদান	সংশ্লিষ্ট আইন ও বিধিবিধান অনুযায়ী	সংশ্লিষ্ট তথ্য ও উপাত্ত এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো	বিনামূল্যে	জারীকৃত আদেশের সময় অনুযায়ী	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ E-mail: emrdbmd@gmail.com
৩	ছুটি, জিপিএফ, পেনশন (ব্যক্তিগত প্রাপ্যতা)	সিএও এর প্রত্যয়ন এবং আবেদন সাপেক্ষ্যে সংশ্লিষ্ট আইন ও বিধিবিধান অনুযায়ী	সিএও এর প্রত্যয়ন পত্র, আবেদন পত্র এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো	বিনামূল্যে	জারীকৃত জিও এর সময় অনুযায়ী	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ E-mail: emrdbmd@gmail.com
৪	কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে বৃদ্ধি/ পেশাগত উন্নয়ন	চাহিদা/ প্রাপ্যতা তালিকা অনুযায়ী প্রশিক্ষণ ও অভিজ্ঞতা বিনিময়।	সংশ্লিষ্ট তথ্যাদি এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো	সরকার নির্ধারিত	মনোনয়নের আদেশ জারীর পর সিডিউল অনুযায়ী	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ Email:emrdbmd@gmail.com

2.4 আওতাধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা:

প্রযোজ্য নয়।

3. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS):

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুণ। তার কাছ থেকে সমাধান পাওয়া না গেলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুণ।

ক্র নং	কখন যোগাযোগ করবেন	কার সঙ্গে যোগাযোগ করবেন	যোগাযোগের ঠিকানা	নিষ্পত্তির সময়সীমা
১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)	জনাব মোহাম্মদ আলমগীর কবির সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ০১৭১১-২০৬৫০৬ ferujgsb@yahoo.com	তিন মাস
২	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে	আপিল কর্মকর্তা	জনাব মো: আব্দুল কাইয়ুম পরিচালক (উপসচিব) ফোন: ৯৩৪৬১৯৪ E-mail: emrdbmd@gmail.com	এক মাস

4. আপনার কাছে আমাদের প্রত্যাশা:

ক্র নং	প্রতিশ্রুতি/ কাঙ্খিত সেবা প্রপ্তির ক্ষেত্রে করণীয়
১	স্বয়ংসম্পূর্ণ আবেদন জমাদান
২	যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ করা
৩	সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা

-:সমাপ্ত:-